EIIN : 115263, NU : 0109, BTEB : 36030
মোবাইল নম্বর ঃ ০১৩০৯-১১৫২৬৩, ০১৭৮৮-৯০২৫৫৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**শরণখোলা সরকারি ডিগ্রি কলেজ**
শরণখোলা, বাগেরহাট।
e-mail : shorankholacollege78@gmail.com, website : www.sgdc.edu.bd

স্মারক নং-শসডিক/২০২৬/ তারিখ ঃ ২১ আষাঢ় ১৪৩৩ খ্রি. / ০৫ জুলাই ২০২৬ খ্রি.

# কোটেশন বিজ্ঞপ্তি-১১/২০২৬

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শরণখোলা সরকারি ডিগ্রি কলেজ, শরণখোলা, বাগেরহাট-এর কলেজ ক্যাম্পাসে অবস্থিত নিম্নে বর্ণিত কলেজ ক্যান্টিন ও কলেজ ষ্টেশনারী পরিচালনার জন্য প্রতি বর্গফুট মাসিক ভাড়ার হারে ভাড়া প্রদানের উদ্দেশ্যে নিম্নে উল্লেখিত শর্তে সিলগালা খামে কোটেশন আহ্বান করা হলো।

**ক্যান্টিন ভবনের বিবরণ ঃ**

| ক্রঃনং | দোকানের ধরণ | আয়তন (বর্গফুট) | দর (প্রতি বর্গফুট) অঙ্কে ও কথায় | মোট টাকা |
|---|---|---|---|---|
| ০১ | কলেজ ক্যান্টিন | ২৮১.২৫ আয়তন | | |
| ০২ | কলেজ স্টেশনারী | ২১৭.০৩ আয়তন | | |

**কোটেশন দাখিলের শর্তাবলি ঃ**

০১। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে প্রতি বর্গফুটের মাসিক ভাড়ার হার (অঙ্কে ও কথায়) উল্লেখপূর্বক সিলগালা খামে কোটেশন দাখিল করতে হবে। কোটেশনের সঙ্গে উদ্বৃত দরের ৩% অধ্যক্ষের অনুকূলে পে-অর্ডার সংযুক্ত করতে হবে (ফেরৎযোগ্য)।

০২। চুক্তি পত্রের সাথে ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা, মূল্যমানের পে-অর্ডার, যা অধ্যক্ষ, শরণখোলা সরকারি ডিগ্রি কলেজ, শরণখোলা, বাগেরহাট-এর অনুকূলে প্রদেয় হবে, সংযুক্ত করতে হবে। পে-অর্ডার-এর সমপরিমান টাকা চুক্তি শেষে ফেরৎ পাবেন।

০৩। ক্যান্টিন ও কলেজ ষ্টেশনারী পরিচালনার জন্য চুক্তির মেয়াদ ০৩ (তিন) বছর হবে। চুক্তির মেয়াদকালে কলেজ কর্তৃপক্ষের সকল নির্দেশনা ও সরকারি বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।

০৪। ক্যান্টিনে স্বাস্থ্যসম্মত, মানসম্মত ও নিরাপদ খাদ্যসামগ্রী শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ন্যায্য মূল্যে সরবরাহ করতে হবে।

০৫। ক্যান্টিন অবশ্যই কলেজ ক্লাশ ও পরীক্ষা চলাকালীন সময় খোলা রাখতে হবে। কোন অবস্থায় উক্ত সময় বন্ধ রাখা যাবে না।

০৬। কলেজ ষ্টেশনারীতে কলেজ কর্তৃক নির্ধারিত/চুক্তি পত্রে উল্লেখিত মালামাল ছাড়া অন্য কোন মালামাল বিক্রি করা যাবে না।

০৭। নির্বাচিত কোটেশনদাতাকে কলেজ কর্তৃপক্ষের সঙ্গে লিখিত চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং চুক্তির সকল শর্ত মেনে ক্যান্টিন ও কলেজ ষ্টেশনারী পরিচালনা করতে হবে।

০৮। কোটেশনদাতাকে জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি কোটেশনের সঙ্গে দাখিল করতে হবে।

০৯। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

১০। কলেজ কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো বা সকল কোটেশন গ্রহণ, বাতিল বা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন। সর্বোচ্চ দরদাতাকেই ক্যান্টিন ও কলেজ ষ্টেশনারী ভাড়া প্রদান করা হবে-এমন কোনো বাধ্যবাধকতা কর্তৃপক্ষের থাকবে না।

১১। কোটেশন দাখিলের ক্ষেত্রে কলেজ ষ্টেশনারী ও কলেজ ক্যান্টিনের দরপত্র একত্রে ও আলাদা আলাদা দাখিল করা যাবে।

১২। কলেজ ষ্টেশনারী ও কলেজ ক্যান্টিনের বিদ্যুৎ মিটার ও বিল স্ব-স্ব দরপত্র দাতার নিজ নামে পরিচালনা করিতে হইবে।

**কোটেশন দাখিলের শেষ তারিখ ও সময় ঃ** ১৪-০৭-২০২৬ খ্রি., মঙ্গলবার বেলা ১২.০০ টায়।
**কোটেশন খোলার তারিখ ও সময় ঃ** ১৪-০৭-২০২৬ খ্রি., মঙ্গলবার বেলা ০১.০০ টায়।
**কোটেশন দাখিলের স্থান ঃ** অধ্যক্ষের কার্যালয়, শরণখোলা সরকারি ডিগ্রি কলেজ, শরণখোলা, বাগেরহাট।

**ধন্যবাদান্তে**

N. Alam

**(মোঃ নূরুল আলম ফকির)**
**অধ্যক্ষ**
**শরণখোলা সরকারি ডিগ্রি কলেজ**
**শরণখোলা, বাগেরহাট।**
**মোবাইল নম্বর ঃ ০১৭১৩-১৬৯৩২১**

**আনুলিপি প্রচারের জন্য-**

০১। উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড।
০২। অত্র কলেজের ওয়েব সাইট ও নোটিশ বোর্ড।
০৩। অফিস নথি।